তারিখ ....18 SEP 2016..
পৃষ্ঠা ..৭.. ... কলাম ....১.. ......

দৈনিক
ইত্তেফাক

# রাবির হল খুলছে আজ

■ রাবি সংবাদদাতা

পবিত্র ঈদুল আজহার ছুটি শেষে আজ রবিবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলে দেয়া হবে। গত শনিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের প্রশাসক অধ্যাপক মশিহুর রহমান মুঠোফোনে একথা জানান।

তিনি জানান, ঈদের ছুটি শেষে রবিবার সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ খুলে দেয়া হবে এবং আগামীকাল সোমবার থেকে যথারীতি বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই সাথে আজ থেকে বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল কার্যক্রম শুরু হবে।